

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭০১

আগরতলা, ৪ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘উত্তর-উনকোটিতে বেহাল স্বাস্থ্য সেবা মানুষ ছুটছে শিলচর-মাকুন্দা’ এই শিরোনামে গত ৩১ অক্টোবর, ২০২৪ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, উনকোটি জেলা হাসপাতালের সমস্ত বিভাগের পরিষেবা প্রদান করা হচ্ছে। সম্প্রতি দুটি ঝুঁকিপূর্ণ প্রসব সিজারিয়ান সেকশনের মাধ্যমে করা হয়েছে। একটি হল প্ল্যাসেন্টা প্রিভিয়া ও প্ল্যাসেন্টা অ্যাক্রিটা এবং অপরটি হল এইচআইভি সংক্রমিত মায়ের প্রসব। অন্যান্য বিভাগের ক্ষেত্রে নিয়মিত বহির্বিভাগ ও অন্তর্বিভাগে পরিষেবা প্রদান করা হচ্ছে।

\*\*\*\*\*